NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAY CARE

## WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem
Hamaspik Managed Care
MetroPlusHealth
SWH Senior Whole Health



সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

**Shah M. Nawaz** MBA
*President & CEO*
646-591-8396

CALL US NOW:
718-516-3425

A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

CONTACT US:

Off: 718-516-3425 | newyorksadc.com | 116-33 Queens Blvd | 78-06 101 Ave, Suit C
FAX: 646-568-6474 | intake@ny-sadc.com | Forest Hills, NY 11375 | Ozone Park, NY 11416


www. BanglaBosoti.com
ভাড়ার টাকায় নিজের বাড়ী
এ মাটি আমার, এ জমিন আমার...
টাউন হোম
TW-2275
১,২৯৫ বর্গফুট জমি +
২,২৭৫ বর্গফুট ৩-তলা বাড়ী
মাত্র ৩১,৫২৫ US$ ডাউন পেমেন্ট দিয়ে জমির সাফ-কবলা মালিকানা দলিল বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র ৫০৯ US$, ৬০ মাস পর ভাড়া দিয়ে কিস্তি পরিশোধ
টেরেস হোম
TR-1900
৯৯০ বর্গফুট জমি +
১,৯০০ বর্গফুট ৩-তলা বাড়ী
মাত্র ২৪,০৫৩ US$ ডাউন পেমেন্ট দিয়ে জমির সাফ-কবলা মালিকানা দলিল বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র ৩৮৮ US$, ৬০ মাস পর ভাড়া দিয়ে কিস্তি পরিশোধ
গার্ডেন হোম
RX-5 (I)
৩,৬০০ বর্গফুট জমি +
৩,২৯২ বর্গফুট ৩-তলা বাড়ী
মাত্র ৭৮,৬৫০ US$ ডাউন পেমেন্ট দিয়ে জমির সাফ-কবলা মালিকানা দলিল বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র ১,২৭০ US$, ৬০ মাস পর ভাড়া দিয়ে কিস্তি পরিশোধ
৩১শে ডিসেম্বর ২০২৪ এর মধ্যে বুকিং দিলেই পাচ্ছেন বিশেষ ছাড়! সেই সাথে সর্বনিম্ন ২৪,০৫৩ US$ ডাউনপেমেন্ট দিয়েই বুঝে নিন জমির সাফ-কবলা মালিকানা দলিল।
পরিবেশ ছাড়পত্র নং- পরিবেশ/ঢাবি/৯৫২৫/৪১০৮
বিশেষ দ্রষ্টব্য: এই অফারটি সীমিত সংখ্যক বাড়ী/লট এর জন্য "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে প্রযোজ্য এবং জুলাই-আগষ্ট ২০২৪ বিপ্লবের অগ্রনায়ক, রেমিটেন্স যোদ্ধা প্রবাসীগন অগ্রাধিকার পাবেন।
• এই স্কিমের আওতায় সংশ্লিষ্ট ব্যাংকের নিকট গ্রাহকগনের দায় আনুপাতিক সম্পত্তি বন্ধকের ব্যবস্থা থাকবে।
• এই সুযোগটি গ্রহনের ক্ষেত্রে প্রত্যেক প্রবাসী ভাই-বোনকে যথাযথ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে কোম্পানীর নির্দিষ্টব্যাংকে একাউন্টে বৈদেশিক মুদ্রায় অর্থ পাঠাতে হবে।
ব্যাংকিং পার্টনার:
ইসলামী ব্যাংক
Bangla Bosoti
বাংলা বসতি
Hotline +88 09644100800
For Details Please Call
+88 01321100800, +88 01708152444-9
Corporate Office: 49, Lake Circus, Kalabagan, Dhanmondi, Dhaka-1205, Sales Office: Axis Delvista (3rd Floor), 7/1, Mirpur Road, Mohammadpur, Dhaka-1207. E-mail : info@banglabosoti.com

# চ্যালেঞ্জটা কিন্তু যুদ্ধজয়ের চেয়ে কম নয়

সিরাজুল ইসলাম চৌধুরী

১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় যখন প্রতিষ্ঠিত হয় তখন বাংলা সাহিত্য পঠন ১৯২১-এর জন্য কোনো স্বতন্ত্র বিভাগ ছিল না। সংস্কৃত ও বাংলা নিয়ে ছিল একটি বিভাগ। এমনকি কলকাতা বিশ্ববিদ্যালয়েও বাংলাকে স্বতন্ত্র বিভাগের একটি হতে সময় লেগেছে। ব্যাপারটা যে খুব অস্বাভাবিক তা বলা যাবে না, ইংল্যান্ডেও বিশ্ববিদ্যালয় পর্যায়ে পঠনীয় হতে ইংরেজি সাহিত্যকে উনবিংশ শতাব্দী পর্যন্ত অপেক্ষা করতে হয়েছে। বিশ্ববিদ্যালয় হচ্ছে রক্ষণশীল প্রতিষ্ঠান এবং সেখানে প্রাচীনের কদর আছে, নবীনের নেই, সমসাময়িকের তো থাকারই কথা নয়। কিন্তু বাংলাদেশের ব্যাপারটা তো সম্পূর্ণ ভিন্ন প্রকারের। এ রাষ্ট্রের প্রতিষ্ঠা বাঙালি জাতীয়তাবাদী আন্দোলনের চূড়ান্ত পরিণতিতে এবং এখানে সর্বস্তরে মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদান চলবে, এটাই তো ছিল প্রত্যাশিত। শুধু প্রত্যাশিত বলি কেন, সেটাই তো হওয়ার কথা ছিল স্বাভাবিক। তা ছাড়া বাঙালির সংখ্যা তো কম নয়। পৃথিবীব্যাপী হিসাব করলে দেখা যাবে বাঙালির সংখ্যা ২৫-২৬ কোটির কম হবে না। এত মানুষের মাতৃভাষা যেখানে বাংলা এবং যেখানে স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রভাষা হিসেবে বাংলার স্বীকৃতি রাষ্ট্রের প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গেই ঘটে গেছে, সেখানে উচ্চশিক্ষার ক্ষেত্রে বাংলা কেন মাধ্যম হবে না। চ্যালেঞ্জ? অবশ্যই মস্ত বড় চ্যালেঞ্জ তো বটেই। কিন্তু দখলদার পাকিস্তানি বাহিনীর হাজার হাজার নৃশংস সদস্যকে বিতাড়ন করাটাও তো খুব বড় একটা চ্যালেঞ্জই ছিল বৈকি। সেই প্রায় অসম্ভবকে তো আমরা সম্ভব করেছি। তাহলে? সর্বস্তরে বাংলা ভাষার এই চ্যালেঞ্জটা আমরা নিচ্ছি না কেন? নিচ্ছি না এজন্য যে, মুক্তিযুদ্ধে বিজয়ের আগমুহূর্ত পর্যন্ত আমরা পরিচালিত ছিলাম যে সমষ্টিগত স্বপ্নের তাড়নায় সেই স্বপ্নটা আজ আর নেই। আজ আমরা প্রত্যেকেই ব্যক্তিগত হয়ে পড়েছি এবং সন্দেহ কী যে ব্যক্তিগত সাফল্যের জন্য উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রচলিত যে ব্যবস্থা রয়েছে, অর্থাৎ মোটামুটি ইংরেজি মাধ্যমের ব্যবস্থা, সেটাকে গ্রহণ করাই ভালো। তদুপরি ব্যবস্থাটা তো বদলাচ্ছে না। আর বদলাচ্ছে না যেহেতু, তাই সেখানে মাথা না কুটে যা পাওয়া যাচ্ছে তার সদ্ব্যবহার করাটা যে ভালো, এ সত্যকে তো সত্য বলে মানতেই হবে।


বাংলাদেশে এখন বিশ্ববিদ্যালয়ের সংখ্যা নিতান্ত কম নয়। কিন্তু এদের মধ্যে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের সংখ্যাটাই বেশি। এই প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর কোনোটিতেই বাংলার জন্য স্বতন্ত্র কোনো বিভাগ নেই। অবস্থা ঢাকা বিশ্ববিদ্যালয়ে সেই ১৯২১ সালে যেমনটা ছিল তার তুলনায়ও শোচনীয়। কিন্তু যদি স্বতন্ত্র বিভাগ থাকত তাহলেইবা অবস্থাটাকে আশাব্যঞ্জক বলা যেত কি? মোটেই না। হিসাবটা সোজা, কোনো প্রাইভেট বিশ্ববিদ্যালয় যদি জাতীয়তাবাদী আদর্শে অনুপ্রাণিত হয়ে বাংলা সাহিত্যে পাঠদানের জন্য আলাদা একটা বিভাগে খুলে বসত তাহলে পরিণতিটা কেমন দাঁড়াত, সেটা অনুমান করা দুঃসাধ্য নয়। যদিও বাস্তবতাটা দুঃখজনক ঠেকে বৈকি। একেবারে নিশ্চিত কণ্ঠেই বলা যায় যে, বাংলা সাহিত্যে পড়ার জন্য একজনও পড়ুয়া পাওয়া যেত না। যার দরুন বিভাগের পাততাড়ি অচিরেই গুটিয়ে ফেলতে হতো। প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ছেলেমেয়েরা এমনকি পদার্থবিজ্ঞান পড়তেও যায় না, তারা যায় বিবিএ ও কম্পিউটার সায়েন্স পড়তে; লাখ লাখ টাকা পানিতে ফেলে তারা বাংলা সাহিত্যের মতো একটা অকার্যকর বিষয় পড়তে যাবে কোন দুর্বুদ্ধিতে, শুনি?



প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের কথা না হয় বাদই থাক, পাবলিক বিশ্ববিদ্যালয়ে, যেখানে শিক্ষা অতটা দুর্মূল্য নয়, সেখানেইবা বাংলা পড়ার জন্য কতজন আগ্রহ দেখায়। এখন নয়, আজ থেকে বছর ত্রিশেক আগের ঘটনা মনে পড়ে। ভর্তি কমিটি একজন ছাত্রীকে বাংলায় ভালো নম্বর পেয়েছে দেখে বাংলা বিভাগে ভর্তির কথা বলেছিল, শুনে মেয়েটি কথা নেই বার্তা নেই, সবার সামনে সশব্দে কেঁদে ফেলেছিল। জিজ্ঞাসাবাদে জানা গেল যে, প্রস্তাবটি তার কাছে নিতান্তই অপমানকর ঠেকেছে; কেননা বাংলা সাহিত্য সে তো ঘরে বসেই পড়ে নিতে পারে, তার জন্য আবার বিশ্ববিদ্যালয়ে আসতে হবে কেন? এ ঘটনাকে ব্যতিক্রম বলা ঠিক হবে না; তথাকথিত ভালো ছেলেমেয়েরা পারতপক্ষে বাংলায় ভর্তি হতে চায় না।

অথচ, এমনকি পাকিস্তান আমলেও এমনটা ছিল না। তখন অনেক মেধাবান ব্যক্তি বাংলা পড়েছেন এবং কালে যশস্বী হয়েছেন। শহীদ মুনীর চৌধুরী প্রথমে ইংরেজি পড়াতেন, পরে রাষ্ট্রভাষা আন্দোলনের দরুন কারাবন্দি অবস্থায় বাংলায় এমএ পরীক্ষা দিয়ে প্রথম শ্রেণিতে প্রথম হয়ে বাংলা বিভাগে চলে যান। কিন্তু তাই বলে আজও যে বাংলায় পাস করা ছাত্রছাত্রীরা সামাজিকভাবে উচ্চ সম্মান পেতেন, এমন নয়। মুনীর চৌধুরীর নিজের মুখে শোনা একটি ঘটনার কথা মনে পড়ে। এক বিয়েবাড়িতে ভদ্রমহিলারা নিজের স্বামীদের বিষয়ে আলাপ করছিলেন, মুনীর চৌধুরীর স্ত্রী অর্থাৎ আমাদের লিলি ভাবীর স্বামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন শুনে মহিলারা কেউ প্রথমে একটু নড়েচড়ে বসেছিলেন, কিন্তু কোন বিষয় পড়ান সেই প্রশ্নের জবাবে ভাবি যখন জানালেন বাংলা তখন তারা স্বস্তির নিঃশ্বাস ফেলে বলেছেন, 'বাংলা, তাই বলুন' নিতান্ত আত্মরক্ষার দায়ে তখন ভাবিকে বলতে হয়েছিল যে, একসময় তার স্বামী ইংরেজি বিভাগেই অধ্যাপনা করতেন। কিন্তু সেটা তো ছিল পাকিস্তানি ঔপনিবেশিক দুঃসময়ের ঘটনা, এখন তো পরিস্থিতির বৈপ্লবিক পরিবর্তন ঘটার কথা। কিন্তু ঘটেনি; বরং উল্টোটাই ঘটেছে।

না, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে বাংলা এরপর ২৮ পৃষ্ঠায়



অন্য ভাষার দ্বারস্থ হওয়া স্বাধীনতার চিহ্ন নয়, অধীনতার চিহ্ন বটে। আমরা যে মাতৃভাষার মাধ্যমে শিক্ষার ব্যবস্থা করতে পারছি না সেটা প্রমাণ করে যে, এখনো আমরা পুরোপুরি স্বাধীন হতে পারিনি, পরাধীনই রয়ে গেছি এবং আমাদের ক্ষমতা নেই যে নিজের পায়ে দাঁড়াব। নিজের পায়ে না দাঁড়িয়ে অন্যকে আশ্রয় করে চলার চেষ্টা খঞ্জের সাজে, সুস্থ মানুষের জন্য ওটি নিতান্তই অশোভন। অশোভনইবা বলব কেন, ওটি তো সামর্থ্য না থাকারই প্রমাণ। মাতৃভাষাকে ত্যাগ করে অবশ্যই ভীষণভাবে গ্রাম্য হয়ে যাচ্ছি আমরা, আন্তর্জাতিক না হয়ে। আন্তর্জাতিকতার প্রথম কথাটাই হলো নিজের পায়ে দাঁড়ানো; যে পরগাছা তার আবার আন্তর্জাতিকতা কী, সে তো ঝড়ের মুখে উপড়ে পড়বে এবং উড়ে যাবে খড়কুটোর মতো

# রোজার জন্য সুবাহানআল্লাহ্ বলুন

এইচ বি রিতা

রোজা মেধাবী, সুন্দরী, পরিশ্রমী। রোজা যা করতে পেরেছে তা আপনারা পারেননি। আপনারা ব্যর্থ তাই গা জ্বলছে। ওই যে বললাম আপনারা ঠিকাদার। আপনাদের ঘরে শান্তি নেই। মনে সুখ নেই। আপনাদের অর্জন বলতে কিছু নেই। আপনারা শূন্য হতাশ। তাই আপনাদের অসুখের একমাত্র উপশমিত মলম হল-অন্যের মনে ও ঘরে আগুন জ্বালানো। এতে আপনাদের সুখ। রোজা আহমেদ নিজের ভেরিফায়েড ফেইসবুক একাউন্টে লিখেছেন, "আমি চমৎকার একজন মানুষ খুঁজে পেয়েছি। সে আমার কাছে বিশ্বাস, সম্মান ও বন্ধুত্ব চেয়েছে। আমি তাকে ওয়াদা করেছি এবং একসঙ্গে ঘর বেঁধেছি। সবকিছুর জন্য আলহামদুলিল্লাহ।" এবার আপনারাও সুবাহানআল্লাহ্ বলুন

২০১৭ তে মিথিলা-তাহসানের বিচ্ছেদ হয়। এরপর মিথিলা বিয়ে করেন। বিবাহবিচ্ছেদের ১১ বছর পরে তাহসানও বিয়ে করলেন রূপটানশিল্পী রোজা আহমেদকে। দাম্পত্য সম্পর্ক ভেঙে গেলেও, মিথিলা-তাহসানের সম্পর্কের অদৃশ্য সাঁকো তাদের মেয়ে। বিশেষ কোনও দায়িত্ব পালনের সুযোগ না থাকলেও, তাহসানের ফেসবুক জুড়ে মেয়ে আইরার একগুচ্ছ ছবি। এমনকি মেয়ের সঙ্গে গান গাওয়ার ভিডিও ভাইরাল হয়েছিল সামাজিক মাধ্যমে। আইরা বাংলাদেশে গেলেও তাহসান দেখা করেন মেয়ের সঙ্গে। অন্য দিকে মেয়েকে কাছছাড়া করেন না মিথিলা। সব সময় মেয়েকে সঙ্গে নিয়েই চলেন তিনি। মোট কথা, ডিভোর্সের পরও মেয়েকে কেন্দ্র করেই দু'জনের আলাদা একটা জগত রয়েছে। একটি সন্তানের জন্য এর চেয়ে সুন্দর নিরাপদ জগত আর কি হতে পারে? বাঙালি ভায়লোসারদের এখন খাদ্য মৌসুম শুরু হয়েছে। তাহসিন ও তার নব বিবাহিত স্ত্রী রোজার বয়সের ব্যবধান, রোজার বাবা শীর্ষ সন্ত্রাসী পানামা ফারুক এবং তাহসিন-মিথিলা হয়ে উঠেছেন ভায়লোসরদের পেটের ক্ষুধা নিবারণের একমাত্র উৎস। সামাজিক মাধ্যমে কিছু মানুষের মনের শান্তির উৎস।



কেউ এসব নিয়ে ট্রল করছেন, কেউ আবার সন্তানের সাথে মিথিলা-তাহসিনের ছবি দেখে কটূক্তি করে বলছেন, 'পৃথিবীর সবচেয়ে সুখী মেয়ে আইরা-যে মায়ের বিয়েও দেখেছেন, বাবার বিয়েও দেখেছেন।' প্রথমত, বিবাহ বিচ্ছেদের পরও দুজন ব্যক্তির সম্পর্ক শেষ হতে নেই যদি তাদের কোনো সন্তান থাকে। সন্তানের মানসিক সুস্থতা ও নিরাপদ জীবনের জন্য বাবা মায়ের মধ্যে ডিভোর্স হলেও যোগাযোগ রক্ষা করা অতি জরুরি একটি বিষয়। সেক্ষেত্রে মিথিলা ও তাহসিন-সঠিক কাজটি করছেন। এখানে ট্রল কেন? কারণ, আমাদের অনেকেরই একটি সন্তান লালন পালন সম্পর্কে মৌলিক কোনো ধারণা নেই। আমাদের অনেকের ঘর ভেঙেছে এবং আমরা নির্যাতনের শিকার, আমরা হতাশাগ্রস্থ এবং আমাদের কারণে আমাদের সন্তানরা বিপথে। তাই ডিভোর্সের পরও অন্যের এমন গোছানো সম্পর্ক বা পরিবেশ আমাদের যন্ত্রণার কারণ। রোজার বাবা কে বা তার কর্ম কী-তা নিয়ে রোজাকে জাজ করার আমরা কে? আমরা হলাম ঠিকাদার। ঠিকাদারী আমাদের রক্তে মিশে আছে। তাই আমরা একে ওকে নিয়ে বিচার বসাই। আপনাদের বুঝতে হবে সন্তানের কাছে একজন পিতা কি মাইনে রাখে। পিতা-সে হোক খুনী, চোর, বাটপার, সন্ত্রাসী-সন্তানের কাছে সে পিতাই। কোনে সন্তান তার মা বাবা কে নিয়ে মন্দ কিছু শুনতে পারে না। রোজার পিতা বন্দুকযুদ্ধে মারা গেছে ২০১৪ সালে। এখন সাল ২০২৫। ১১ বছর পরও তাকে পিতার কর্মের ভার সইতে হবে? এই বিচার ব্যবস্থা প্রণয়ন করার আপনি কে? মেয়েটা নিজ শ্রমে সামনে বাড়ছে। সুন্দর একটা সংসার গড়ার চেষ্টা করছে। সেটা আপনাদের সহ্য হচ্ছে না। আপনারা তার পিতা সহ বয়সের ব্যবধান টানছেন। একটা সময় আমাদের মা দাদিরা কন্যার জন্য পাত্র খুঁজতেন অন্তত ১০/১৫ বছরের বড় কাউকে। তারা মনে করতেন, বয়স্ক স্বামী স্ত্রীকে যত্ন করে বেশি, ছোট খাটো ভুল বায়নাগুলি আদরের সাথে মোকাবেলা করেন। এখন সময় বদলেছে, কম বয়সী স্বামীকে নিয়েও স্ত্রীরা সংসার করছেন। মোট কথা, যিনি জীবনসঙ্গী বেছে নিবেন, তিনি নির্ধারণ করবেন কাকে তিনি নিচ্ছেন। সে হোক সাদা কালো, সুদর্শন-বাইট্টা, বুড়ো-তরুণ, মেতর-মেজর বা উগান্ডার-বাংলাদেশের। বহু সুশীল স্বামী স্ত্রী একে অন্যের কাঁধে চড়ে ফটু পোস্টান। কিন্তু তাদের সম্পর্ক "তুই তুকারিচ পর্যন্তই। বহু পরিবারেওবয়স সমৃদ্ধ স্বামী স্ত্রী একই বিছানায় তিন যুগ ধরে লাশ হয়ে পড়ে আছেন। সুখ নাই রান্নাঘরেও। আমার এক বোনের বিয়ে হয়েছিল । তার থেকে ২০ বছরের বড় বরের সাথে। ১০ বছর সংসার করার পর স্বামী মারা যায়। সে থেকে তিনি আর বিয়ে করেননি। কারণ এই বয়স্ক এরপর ৩৬ পৃষ্ঠায়



প্রথমত, বিবাহ বিচ্ছেদের পরও দুজন ব্যক্তির সম্পর্ক শেষ হতে নেই যদি তাদের কোনো সন্তান থাকে। সন্তানের মানসিক সুস্থতা ও নিরাপদ জীবনের জন্য বাবা মায়ের মধ্যে ডিভোর্স হলেও যোগাযোগ রক্ষা করা অতি জরুরি একটি বিষয়। সেক্ষেত্রে মিথিলা ও তাহসিন-সঠিক কাজটি করছেন। এখানে ট্রল কেন? কারণ, আমাদের অনেকেরই একটি সন্তান লালন পালন সম্পর্কে মৌলিক কোনো ধারণা নেই

# খালেদা জিয়ার বিদেশ গমন: দেশের রাজনীতির নতুন বিন্যাস

বিভুরঞ্জন সরকার



জাতীয় স্বার্থ, মতাদর্শগত দ্বন্দ্ব এবং শাসনকাঠামোর পুনর্বিন্যাসের মাধ্যমে বাংলাদেশের রাজনীতি আগামী দিনে ঠিক কোন অবয়ব লাভ করবে, তা এই মুহূর্তে নিশ্চিত করে বলা যাবে না। তবে গত বছরের ৫ আগস্টের পর থেকে রাজনীতিতে যে রূপ বদলের আঁচ লেগেছে, তা বলা যেতেই পারে। পরিবর্তিত পরিস্থিতিতে একদিকে নতুন রাজনৈতিক দল গঠনের তৎপরতা চলছে, অন্যদিকে পুরোনো রাজনৈতিক দলগুলো নিজের অবস্থান পুনর্বিবেচনা করছে এবং নতুন প্রেক্ষাপটে নিজেদের অভিযোজনের চেষ্টাও লক্ষণীয়। এই পরিবর্তনের ধারায় মুক্তিযুদ্ধ ও বাহাত্তরের সংবিধান প্রশ্নে বিএনপির প্রকাশ্য অবস্থান এবং জামায়াতে ইসলামীর সঙ্গে মতভিন্নতা রাজনীতিতে নতুন মাত্রা সংযোজনের ইঙ্গিতবাহী। উন্নত চিকিৎসার জন্য বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার লন্ডন যাওয়াও মোটেই তাৎপর্যহীন নয়।

গত ৩১ ডিসেম্বর শহীদ মিনারে সমাবেশ ডেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন 'জুলাই বিপ্লবের ঘোষণাপত্রের মাধ্যমে মুজিববাদী সংবিধানের কবর রচিত হবে' বলে হুংকার দিয়েও শেষ পর্যন্ত তাদের অবস্থানে দৃঢ় থাকতে পারেনি। ৩১ ডিসেম্বর তাদের পূর্বঘোষিত এবং বহুল আলোচিত 'জুলাই অভ্যুত্থানের ঘোষণাপত্র' জারি করা হয়নি। বরং তারা কর্মসূচি পরিবর্তন করে 'মার্চ ফর ইউনিটি' পালন করেছে। ফলে সংবিধান বাতিল কিংবা বিপ্লবী সরকার গঠনের ঘোষণা আসতে পারে বলে যে গুঞ্জন ছিল, তা সত্য হয়নি। যে কারণে বাহাত্তরের 'সংবিধানের কবর'ও রচিত হয়নি! তবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন সাময়িকভাবে পিছু হটলেও তারা আসলে কোথায় গিয়ে তাদের 'আন্দোলন' শেষ করবে, তা নিশ্চিত করে কে বলতে পারবে? রাজনীতিতে শেষ কথা নেই বলে যে প্রচারণা আছে, আপাতত তাতে আস্থা রাখা ছাড়া আর কী বিকল্প আছে?

১৯৭৫-পরবর্তী বাংলাদেশে জামায়াতে ইসলামী ও বিএনপির মধ্যে রাজনৈতিক ঐক্য সুবিধাজনক বলে মনে করা হলেও বর্তমান প্রেক্ষাপটে এই ঐক্যে ফাটল ধরেছে। সরকারের রিসেট বাটন টেপার পটভূমিতে মুক্তিযুদ্ধের আদর্শিক প্রশ্নে বিএনপি নতুন প্রজন্মকে কাছে টানার চেষ্টা করছে বলে মনে হচ্ছে। বিএনপির অনেক নেতাই এখন একাত্তরের পক্ষে কথা বলছেন।

বহু বছর ধরে বিএনপি মুক্তিযুদ্ধের গৌরবময় অধ্যায়কে নিজেদের রাজনীতিতে অন্তর্ভুক্ত করতে ব্যর্থ হয়েছে। আওয়ামী লীগ দীর্ঘ সময় ধরে মুক্তিযুদ্ধকে তার দলীয় পরিচয়ের কেন্দ্রে রেখেছিল এবং বিএনপিকে মুক্তিযুদ্ধবিরোধী শক্তি হিসেবে আখ্যা দিয়েছিল। তবে সাম্প্রতিককালে বিএনপি মুক্তিযুদ্ধের প্রতি সমর্থন এবং বাহাত্তরের সংবিধানের পক্ষে কথা বলছে।

বাহাত্তরের সংবিধানের অন্যতম স্তম্ভ ছিল ধর্মনিরপেক্ষতা, যা একসময় বিএনপির মতাদর্শের সঙ্গে সাংঘর্ষিক মনে করা হতো। মুক্তিযুদ্ধের পক্ষে কথা বলার একক অধিকার আওয়ামী লীগ নিয়েছিল। এখন আওয়ামী লীগ মাঠছাড়া। কিন্তু একাত্তর তো বাঙালির সবচেয়ে বড় গৌরবের ঠিকানা। বিএনপির নেতৃত্ব এখন সম্ভবত একাত্তরের সঙ্গে অধিক মাত্রায় সংলগ্ন হওয়ার চেষ্টা করে মুক্তিযুদ্ধকেন্দ্রিক রাজনৈতিক সুবিধা ঝুলিতে ভরার চেষ্টা করছেন।

২০২৪ সালের জুলাই-আগস্টে একটি ছাত্র-গণজাগরণ তথা অভ্যুত্থানের কারণে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকার ক্ষমতা থেকে সরে যেতে বাধ্য হয়। সরকার পরিবর্তনের ওই মুহূর্তে একদিকে বিএনপির কাছে নতুন সুযোগ সৃষ্টি হয়, অন্যদিকে দেশে রাজনৈতিক শূন্যতাও প্রবল হয়ে ওঠে।

আওয়ামী লীগের দীর্ঘ শাসনামলে যে দুর্নীতি, দমননীতি ও স্বৈরতন্ত্রের অভিযোগ উঠেছিল, তা থেকে শিক্ষার্থীরা এবং সাধারণ জনগণ বিকল্প রাজনৈতিক ভবিষ্যতের সন্ধানে রয়েছে। তবে আওয়ামী লীগের অনুপস্থিতিতে একটি কেন্দ্রীয় নিয়ন্ত্রক শক্তির অভাব দেখা দিচ্ছে, যা রাজনৈতিক অস্থিতিশীলতা ডেকে আনতে পারে। বিএনপিকে এই শূন্যতা পূরণের জন্য তাদের মতাদর্শ এবং সাংগঠনিক শক্তিকে পুনর্গঠিত করতে হবে।

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে ছাত্ররাজনীতি সব সময় একটি প্রভাবশালী ভূমিকা পালন করেছে। তবে গত কয়েক দশকে ছাত্ররাজনীতি অনেকটাই সহিংসতা ও ব্যক্তিস্বার্থের প্রতীক হয়ে উঠেছিল। সাম্প্রতিক রাজনৈতিক পরিবর্তনের পটভূমিতে শিক্ষার্থীরা একটি নতুন রাজনৈতিক কাঠামোর দিকে এগিয়ে যাচ্ছে।

এই প্রজন্মের ছাত্রনেতারা পুরোনো রাজনৈতিক দলের অনুশাসন এবং বিতর্কিত ইতিহাস থেকে বেরিয়ে এসে নতুন একটি রাজনৈতিক দল গঠনের পরিকল্পনা করছে। কিন্তু তারা মুক্তিযুদ্ধের চেতনা, স্বচ্ছতা এবং গণতান্ত্রিক মূল্যবোধকে তাদের মূলনীতি হিসেবে গ্রহণ করতে কতটা আগ্রহী, সেটা অনেকের কাছে স্পষ্ট নয়।

এটি বিশেষত বিএনপির জন্য একটি চ্যালেঞ্জ হয়ে উঠছে। কারণ, ঐতিহাসিকভাবে ছাত্ররাজনীতি বিএনপির গুরুত্বপূর্ণ মিত্র ছিল। ছাত্রদের নতুন উদ্যোগ বিএনপির জন্য বাড়তি চাপ হিসেবে এসেছে। সে জন্যই বাংলাদেশের রাজনীতিতে এখন নতুন দিকনির্দেশনা দরকার। ক্ষমতার পালাবদল, ছাত্ররাজনীতির পুনর্গঠন এবং

এরপর ২২ পৃষ্ঠায়

> আর বিএনপির নেতা-কর্মীরা আশাবাদী যে খালেদা জিয়ার প্রত্যাবর্তন দলের ঐক্য আরও দৃঢ় করবে এবং দীর্ঘ মেয়াদে গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনে তাঁকে পুনরায় শক্ত অবস্থানে নিয়ে যাবে। তবে খালেদা জিয়ার লন্ডন যাওয়া নিয়ে রাজনৈতিক মহলে বিপরীতমুখী আলোচনাও আছে। চিকিৎসার জন্য বিদেশযাত্রায় বিলম্ব এবং তারেক রহমানের দেশে না ফেরা নিয়েও নানা ধরনের গুঞ্জন আছে। বিশ্লেষকদের কেউ মনে করছেন, চিকিৎসা শেষে দেশে ফেরার নিশ্চয়তা তিনি সেনাপ্রধানের কাছ থেকে পেয়েছেন। আবার চিকিৎসা শেষে তাঁর দেশে ফেরার অনিশ্চয়তাও কেউ কেউ দেখছেন। কারণ নির্বাচন অনুষ্ঠানের অনিশ্চয়তা দূর হয়নি। এ নিয়ে স্পষ্ট ঘোষণা অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে এখনো দেওয়া হয়নি









# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

## Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372


E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# ‘সাপ্তাহিক দিগন্ত’ নিউইয়র্কের প্রথম বাংলা পত্রিকা

এক সময় আমাদের সবারই মাস্টার্স করা হয়ে যায়। এক এক করে সবাই প্রোফেশনাল জব পেতে শুরু করে এবং সবারই ব্যস্ততা বেড়ে যায়। দিগন্তের জন্য সময় বের করা কঠিন হয়ে দাঁড়ায় এবং ঘোষণা দিয়ে এক দিন বন্ধও করে দিই। বলা দরকার, আমরা এই কাজটি যৌবনের উচ্ছাস হিসাবেই করে গেছি, সময় দিয়েছি স্বার্থহীনভাবে। এর জন্য আমাদের কোন প্রত্যাশা ছিল না। পত্রিকার সাথে জড়িত অনেকেই এখনও নিউইয়র্ক শহরে থাকেন। আজ আমি যখন দেখি ১৮-২০ টা বাংলা পত্রিকা বের হচ্ছে নিউইয়র্ক থেকে তখন অতীত দিনের কথাই মনে পড়ে। সন্তানের বেড়ে ওঠা দেখে পিতার চোখ কখনও আনন্দে ছলছল হয়ে ওঠে, আর সেই আনন্দ হাওয়া যে আমাদের গায়ে এসে লাগে না তা স্বীকার না করলে আমরা নিজের কাছেই অপরাধী হয়ে যাব

সামস আল মমীন



৪০ বছর আগে, ১৯৮৫ সালের ১০ জানুয়ারি, নিউইয়র্ক তথা উত্তর আমেরিকা থেকে প্রকাশিত হয় বাংলা ভাষার প্রথম পত্রিকা ‘সাপ্তাহিক দিগন্ত’। আড়াই বছর অর্থাৎ বিরতিহীন ১২৩ সংখ্যা প্রকাশের পর ১৯৮৭ সালের মে মাসে ঘোষণা দিয়ে পত্রিকাটি বন্ধ করে দেয়া হয়। এই পত্রিকার সাথে জড়িত সকলেই তখন ছাত্র ছিলেন। বাংলা ভাষা বিস্তারের জন্য তারা স্বার্থহীন কাজ করে গেছেন।

২০১৭ সালের ৮ আগস্ট এই পত্রিকার প্রকাশিত ১২৩ সংখ্যা দিয়ে জ্যামাইকার স্মার্ট একাডেমিয়াতে প্রদর্শনীর ব্যবস্থা করি। অনুষ্ঠানে পরিচয় পত্রিকার সম্পাদক নাজমুল আহসান তার অভিজ্ঞতার কথা ব্যক্ত করতে গিয়ে বলেন, ‘আমি দিগন্ত পত্রিকাটি প্রতি সপ্তাহে কিনে পড়তাম এবং আমার পড়া শেষ হলে আমার বিল্ডিংয়ের কয়েকজন যুবক আমার কাছ থেকে পত্রিকাটি নিয়ে পড়তেন।’

সুধীজন সঈদ চৌধুরী ও বাংলা পত্রিকার সম্পাদক আবু তাহেরও তার সাথে সহমত প্রকাশ করে বক্তব্য দেন। এই আয়োজনে বিপুল লোক সমাগম হয় এবং সানাম টিভির কর্ণধার কেন কাদের একে উপলক্ষ্য করে একটি অনুষ্ঠানও সম্প্রচার করেন।

১৯৮৪ সালের শেষের দিকে এক সন্ধ্যায় আমরা কয়েক বন্ধু মিলে ঠিক করলাম বাংলা পত্রিকা প্রকাশ করা হবে। যেই কথা সেই কাজ। পূর্ব জার্মানী থেকে আনা হলো বাংলা টাইপ রাইটার। ঠিক করা হল কে কি দায়িত্বে থাকবেন। এখানে উল্লেখ করা দরকার, এদের কারোরই কোন পূর্ব অভিজ্ঞতা ছিল না, সকলেই বোর্ডে স্ট্যান্ড করা ছাত্র। আমি ছাড়া সকলেই সরকারী বৃত্তি নিয়ে বিভিন্ন দেশে পড়াশুনা শেষে নিউইয়র্কে আসেন উচ্চ শিক্ষার জন্য। আমাদের অভিজ্ঞতার ঝুলিতে ছিল শানু মোজাম্মেল হোসেনের কিছু অরণিকা প্রকাশ, আর আমার ছিল দৈনিক অবজারভারে কিছু গল্প লেখা ও অনুবাদ।

দিগন্তের বাংলাদেশ প্রতিনিধি ছিলেন দুর্দান্ত মেধাবী মোতাহার হোসেন। তিনি ঢাকার বিভিন্ন পত্রিকার প্রধান খবরগুলো দিগন্তের কলামের সাইজ অনুযায়ী টাইপ করে পাঠাতেন। ভারতের প্রতিনিধি আলিফ নবী ওমর পাঠাতেন ভারতের খবর। সেই টাইপ করা খবরগুলো ফটোকপি মেশিনে কপি করা হত ফন্ট পরিবর্তন করে। তাতে অক্ষরের দৃশ্যমান চেহারা বদলে যেত। আর নিউইয়র্ক মিশনে ডিপ্লোমেট ব্যাগে কয়েক সেট ঢাকার প্রতিনিধিত্বশীল পত্রিকা আসত, সেখান থেকে তারা আমাদেরকে এক সেট পত্রিকা দিতেন। আন্তর্জাতিক খবরের জন্য আমরা নির্ভর করতাম এখানকার ইংরেজি পত্রিকার উপর। অত্যন্ত দুরুহ কাজটি করার জন্য আমরা হয়তো আজও সকলের শীর্ষে, আর তা হল যে কোন দরকারী খবর অনুবাদ করার জন্য আমাদের যে কেউ খুব অল্প সময়ে কাজটি করে দিতে পারতেন।



প্রতিটি কপি ভাঁজ করে স্ট্যাম্প লাগিয়ে তারপর স্ট্যাপল করে মেইল বক্সে ড্রপ করা হতো। শুরু থেকে শেষ পর্যন্ত এভাবেই হত একটা সংখ্যার কাজ। আমাদের পত্রিকার খরচ জোগাড় হত বিজ্ঞাপনের টাকা থেকে। বাংলাদেশ বিমান ও শিপিং কর্পোরেশনের ফুল পেইজ বিজ্ঞাপন পেতাম। আরও কিছু ছোট বিজ্ঞাপনও ছিল সাথে। প্রাথমিকভাবে পত্রিকার খরচ সবাই ভাগাভাগি করে দিতাম। তারপর বিল পেলে যার যা খরচ হয়েছে, তা মিটিয়ে দেয়া হত। আমাদের যার যা দায়িত্ব ছিল সবাই তা ঠিকমত করতেন, এ নিয়ে কখনও আমাদের মধ্যে কোন ঝামেলা হয় নি

আমাদের প্রথম সংখ্যাটি বৃহস্পতিবার বের হলেও পরবর্তী তা শুক্রবার বের হত। আমি আর শানু মোজাম্মেল সারারাত ধরে পেস্টিং করে প্রেসে যাওয়ার জন্য রেডি করে রাখতাম। সকাল বেলা সোহেল আহমেদ জাকী তা ম্যানহাটানে এক চায়নিজ প্রেসে দিয়ে আসত। বিকাল বেলা গিয়ে আমি প্রেস থেকে নিয়ে আসতাম। আমাদের এক বন্ধু, আজম চৌধুরী, থার্ড এভিনিউ ৮৬ সড়কে একটা গ্রোসারী দোকান ছিল তার। তার গাড়িতে করে আমরা দুইজনে মিলে পত্রিকা ডেলিভারি দিতে বের হতাম। ম্যানহাটানের ৬ স্ট্রীটে কয়েকটা গ্রোসারী দোকানে, তারপর এস্টোরিয়া, ওখান থেকে ব্রুকলীন চার্চ ম্যাগডোনালে কয়েকটা দোকানে ও সবশেষে ব্রঙ্কসে। এ সময় আমরা দুইজনে অনেক গল্প করতাম তখনকার দিনগুলো নিয়ে, আমাদের ভবিষ্যৎ নিয়ে, আমাদের স্বপ্নের কথাগুলো বলতে বলতে এক সময় অনেক ক্লান্ত হয়ে ঘরে ফিরতাম।

দিগন্ত ছাপা হত ৫০০ কপি।

এরপর ২৯ পৃষ্ঠায়

# ট্রাম্পের শপথ ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধ

আব্দুর রাজ্জাক

আগামী ২২ ফেব্রুয়ারি রাশিয়া-ইউক্রেন যুদ্ধ তিন বছর পেরিয়ে চার বছরে পদার্পণ করবে। বাংলাদেশে বসে এই সময়ে এই যুদ্ধের প্রতি এখন ততটা আগ্রহ দেখাবে না কেউ। দীর্ঘদিন এই যুদ্ধ চলার পর স্বাভাবিকভাবে মানুষ এটাকে নিত্যনৈমিত্তিক একটা ব্যাপার হিসেবে মেনে নিয়েছে। কিছুদিন আগে মানুষের দৃষ্টি ছিল ফিলিস্তিন-ইসরায়েল যুদ্ধের দিকে। এরপর ইসরায়েল-ইরান, ইসরায়েল-লেবাননের দিকে চোখ গেছে।

মধ্যপ্রাচ্যের এসব যুদ্ধ এখনো চলমান আছে, একেবারেই মরণঘাতী যুদ্ধ। প্রতিদিন শত শত মানুষ মারা যাচ্ছে, তার মাঝে আবার ঘটে গেল সিরিয়ার অভ্যুত্থান। দীর্ঘদিনের শাসক বাশার আল-আসাদ রণে ভঙ্গ দিয়ে পালিয়ে গেলেন মস্কোতে। আপাতত সবার দৃষ্টি সিরিয়ার ওপর। এ কথা অনেকটাই সত্য যে বাশার আল-আসাদের সরকার সামরিক দিক থেকে অনেকটাই নির্ভরশীল ছিল রাশিয়ার সাহায্যের ওপর। শেষ মুহূর্ত পর্যন্ত এই ভরসাতেই ছিল বাশার আল-আসাদ। সেই ভরসা শেষ পর্যন্ত রক্ষা করতে পারেনি বাশারকে। তবে সিরিয়ায় রাশিয়ার সামরিক ঘাঁটি আগের মতোই আছে। সিরিয়ার বর্তমান প্রশাসকেরা রাশিয়াকে তার ঘাঁটি আগের মতো অটুট রাখার জন্য অনুরোধ করেছে।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ চলমান আছে। এই যুদ্ধের ব্যাপারে ট্রাম্প বলেছিলেন, তিনি ক্ষমতায় থাকলে এই যুদ্ধ হতো না। আরও বলেছিলেন, তিনি যদি নির্বাচনে বিজয়ী হন, ক্ষমতা গ্রহণের আগেই এই যুদ্ধের ইতি ঘটাবেন। বস্তুত কিছুই হয়নি। যুদ্ধ চলমান আছে। আগের মতোই টানটান উত্তেজনার মধ্যে দুই পক্ষই আক্রমণ করে যাচ্ছে যে যার সুবিধামতো। শেষ মুহূর্তে বাইডেন প্রশাসন ৮ বিলিয়ন ডলারের সাহায্যের অনুমতি দিয়েছে ইউক্রেনকে, অবশ্য এই অর্থ ছাড় করতে হাউস অব কমনস ও সিনেটের অনুমোদন লাগবে।

আমেরিকার পক্ষ থেকে একটা প্রস্তাব এসেছিল, রাশিয়া ইউক্রেনের যে চারটি অঞ্চল দখল করে আছে, সেটা স্থিতাবস্থায় থাকবে, ন্যাটোতে আগামী ২০ বছর ইউক্রেন যোগ দিতে পারবে না। তবে ইউক্রেনে ইউরোপীয় ইউনিয়নের সেনা মোতায়েন থাকবে। রাশিয়া এই প্রস্তাব সরাসরি নাকচ করে দিয়েছে।

এখানে একটি জিনিস লক্ষণীয়, রাশিয়া যেসব ইউক্রেনীয় জায়গা এখন পর্যন্ত তাদের নিয়ন্ত্রণে নিয়েছে, সেসব জায়গাকে রাশিয়ান কর্তৃপক্ষ বলছে, এসব জায়গা তারা মুক্ত করেছে। এসব জায়গায় রাশিয়ানদের ভাষায়, ইউক্রেনীয় নিউ নাৎসি বাহিনী জোরপূর্বক রাশিয়ান ভাষাভাষী মানুষের ওপরে অন্যায় অত্যাচার করেছে, নিজেদের ইচ্ছেমতো চলাফেরা বা স্বাধীন মত প্রকাশে বিঘ্ন ঘটিয়েছে। এই অন্যায় অত্যাচার থেকে এসব অঞ্চলকে রাশিয়া স্বাধীন করেছে। এই ক্ষেত্রে পশ্চিমা শক্তি ও ইউক্রেনীয় প্রশাসন বলছে, রাশিয়ানরা তাদের জায়গা জবরদখল করছে। এটাই এই যুদ্ধের দুই পক্ষের ভিন্ন মত, যার ফলে যুদ্ধ বন্ধের কোনো লক্ষণ দেখা যাচ্ছে না।

বর্তমান অবস্থায় ইউক্রেন আমেরিকার তৈরি দূরপাল্লার মিসাইল ব্যবহার করছে। রাশিয়ার অভ্যন্তরে এমনকি মস্কো ও মস্কোর আশপাশেও তারা মিসাইল ব্যবহার করছে। কিছুদিন আগে কাজানে তারা দূরপাল্লার মিসাইল ব্যবহার করেছে। ইউক্রেন থেকে কাজানের দূরত্ব ৮০০ কিলোমিটার।



রাশিয়ার বড় শহরগুলো, যেমন মস্কো, সেন্ট পিটার্সবার্গ, রোস্তভ, ক্রাসনাদার, ইকাতেরিনবুর্গ যেন আক্রান্ত না হয়, সেই ব্যাপারে অ্যান্টি-মিসাইল প্রোটেকশন তৈরি করেছে। রাশিয়া বিশ্বের সবচেয়ে বড় দেশ, সর্বত্র এ রকম অ্যান্টি-মিসাইল প্রোটেকশন তৈরি করা হয়তো সম্ভব হয়নি। তাই ইউক্রেন মাঝে মাঝে দূরপাল্লার ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করছে ওইসব জায়গায়।

রাশিয়া যেসব শহর বা অঞ্চল মুক্ত করেছে, সেসব জায়গায় গণভোটের মাধ্যমে তা নিজেদের রাষ্ট্রের সঙ্গে সংযুক্ত করে নিয়েছে। কুরস্ক অঞ্চলের ৬৫ শতাংশ জায়গা ইতিমধ্যে রাশিয়া মুক্ত করেছে। ইউক্রেনীয় বাহিনী এখানে কোণঠাসা অবস্থায় আছে।

বিশ্ববাসী এখন দেখার অপেক্ষায় আছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্প শপথ গ্রহণের পর কী অবস্থায় পৌঁছাবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের। জো বাইডেন ডেমোক্র্যাটদের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য অর্থাৎ ২০২৪ সালের নির্বাচনের জন্য, ইউক্রেনকে এখন আগের তুলনায় অনেক বেশি আর্থিক ও সার্বিক সাহায্য বর্ধিত করেছিলেন। জো বাইডেন তাঁর ক্ষমতার শেষ সময় এসে এ রকম সাহায্য-সহযোগিতা বৃদ্ধি করার কারণ কী? সবাই বলছে, কারণ একটাই, ডেমোক্র্যাটদের ভবিষ্যতের আলো বাঁচিয়ে রাখা।

হেনরি কিসিঞ্জার বলেছিলেন, রাশিয়াকে কিছু অঞ্চল ছেড়ে দিয়ে হলেও ইউক্রেনের উচিত যুদ্ধ বন্ধ করা। শত বছর বয়সে এসে হেনরি কিসিঞ্জার বুঝতে পেরেছিলেন রাশিয়ার সঙ্গে যুদ্ধে কখনো ইউক্রেন জিতবে না। রাশিয়াকে যে কিসিঞ্জার চিরশত্রু মনে করতেন, সেই হেনরি কিসিঞ্জার পর্যন্ত ইউক্রেনকে এই পরামর্শ দিয়েছিলেন। জেলেনস্কি বাইডেন সাহেবের কথায় ও ন্যাটোর আশ্বাসে যুদ্ধ চালিয়ে গিয়েছেন। ডিসেম্বরের মাঝামাঝির দিকে রাশিয়া একটি অত্যাধুনিক মিসাইল ব্যবহার করেছে, যে

এরপর ৫৩ পৃষ্ঠায়



অতি দ্রুত আলোচনার মাধ্যমে জেলেনস্কিকে বোঝানো যে এই যুদ্ধে তারা কখনোই জিততে পারবে না। রাশিয়া যে প্রতিশ্রুতি তার জনগণের কাছে দিয়েছে, সেটা যে করেই হোক বাস্তবায়ন করবেই। শেষ পর্যন্ত ইউক্রেন চরম ক্ষতির সম্মুখীন হবে, রাশিয়াও অনেক ক্ষতির সম্মুখীন হবে। রাশিয়ার সম্পদ ও অন্যান্য প্রযুক্তি ব্যবহার করে হয়তো অদূরভবিষ্যতে এসব ক্ষতি পূরণ করতে পারবে, কিন্তু ইউক্রেন শতাব্দীর পর শতাব্দী এই যুদ্ধের খেসারত দিয়ে চলবে। শান্তিকামী বিশ্ববাসী আশা করবে, ট্রাম্প ক্ষমতা গ্রহণের পরপরই তিনি যেন রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধের ব্যাপারে সরাসরি পদক্ষেপ গ্রহণ করেন। আর যা-ই হোক না কেন, ট্রাম্পের একটি সুনাম আছে এই বলে যে ট্রাম্প যুদ্ধবাজ না, নতুন করে যুদ্ধ কখনো আরম্ভ করেন না


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
আমরা IATA অনুমোদিত
আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
Mohammad B Hossain (Belal)
President & CEO
SAUDI ARABIAN AIRLINES
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM-10PM *Terms & Condition may apply. See store for details.

www.careeracademyny.com

CAREER ACADEMY OF NEW YORK



BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!

HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE

347-425-3878
CALL NOW

A CONCERN OF
SHAH NAWAZ GROUP

347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

Basement Environmental Health & Safety

আপনার বেসমেন্ট, গ্যারেজ, অ্যাটিক বা পিছনের উঠোনকে বৈধ করতে বিনামূল্যে NYC ADU অনুদানের অর্থ ব্যবহার করুন। (PlusOneADU@hpd.nyc.gov or 311).

DANGER

সাবধান- Do Not SLEEP in an Unhealthy Toxic Basement without a Safety Inspection

Serious Health Hazards in your Basement

Various Health Issues, Chronic Respiratory illness, Cancer, Kidney, liver, Brain damage, Risk of Severe Mental Health Depression, and Central Nervous System even death. (অস্বাস্থ্যকর বেসমেন্টে দীর্ঘায়িত ঘুমের জন্য দায়ী। বিভিন্ন স্বাস্থ্য সমস্যা, দীর্ঘস্থায়ী শ্বাসযন্ত্রের রোগ, ক্যান্সার, কিডনি, লিভার, মস্তিষ্কের ক্ষতি, গুরুতর স্বাস্থ্যের অবনতি এবং কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ঝুঁকি, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।)







Homeowners: Minimizing Liability and Preventing Legal Lawsuit (আবশ্যিক নিরাপত্তা পরিদর্শন: দায়বদ্ধতা কমানো এবং আইনি মামলা প্রতিরোধ).

- Indoor Air Quality- Lead-Based Paint Check, Radon Gas, and other Toxicity Inspections. বাড়ির মালিকদের অবশ্যই এই ধরনের পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং তাদের অবশ্যই সংশোধন করতে হবে। অস্বাস্থ্যকর বেসমেন্ট থেকে, ভাড়া আদায় নিষিদ্ধ।
- Basement Tenant: Get Help from HPD Grant Money, Move Out from an Unhealthy Toxic Basement. (বেসমেন্ট ভাড়াটিয়া: HPD অনুদানের অর্থের সাহায্য নিন, অসুস্থকর বিষাক্ত বেসমেন্ট থেকে বেরিয়ে আসুন, এবং দীর্ঘায়ু লাভ করুন।) আইনজীবী ছাড়া বেজমেন্ট ভাড়াটিয়ার উচ্ছেদ, ব্যক্তিগত তদন্তের মাধ্যমে অর্থ সংগ্রহ, এবং সম্প্রদায়ের মধ্যস্থতা।

917-618-0740 Bcsafetymediator@gmail.com

# আপনি কি ২০২৫ সালে বাড়ি ক্রয়ের কথা ভাবছেন?

## নিজেকে প্রস্তুত করার এখনই সঠিক সময়

আপনি কোন কোন প্রোগ্রামের লোনে বাড়ি কিনতে পারেন:

- ★ **W2 ইনকাম** (০.৫০% ডাউন)
- ★ **সেল্‌ফ এমপ্লয়েড** (৫% ডাউন)
- ★ **নো ইনকাম চেক** (২০% ডাউন)
- ★ **রেন্টাল ইনকাম (DSCR)** (২৫% ডাউন)

যারা সেল্‌ফ এমপ্লয়েড এবং ২০২৪ সালের ট্যাক্স ফাইল দিয়ে বাড়ি কিনতে চান তারা ২০২৪ সালের ট্যাক্স ফাইল করার পূর্বে অভিজ্ঞ রিয়েল্টর এবং মর্গগেজ ব্যাংকার / লোন অফিসার এর সাথে পরামর্শ করে ট্যাক্স ফাইল করুন।

REALTOR® MLS® EQUAL HOUSING OPPORTUNITY

আমরা কুইন্স, ব্রঙ্কস, ব্রুকলিন, লং আইল্যান্ড, ওয়েষ্টচেষ্টার, বাফেলো, আলবেনি, বিংহ্যামটন, আপস্টেট নিউইয়র্কে ১/২/৩/৪ ফ্যামিলি, এপার্টমেন্ট বিল্ডিং, অফিস বিল্ডিং, কো-অপ, কন্ডো, ল্যান্ড, বিজনেস ক্রয়-বিক্রয় করতে সহায়তা করি। আমরা রেগুলার, সিটি অকশন, স্টেট অকশন, **HUD**, ফরক্লোজার, ব্যাংক অকশন, ব্যাংক মালিকানা/**REO** প্রপার্টি বিক্রয় করে থাকি।

**আপনি যদি বাড়ি বিক্রয় করতে চান, আমরা আপনার বাড়ি কম সময়ে সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সক্ষম।**

**আমাদের কাছে কোয়ালিফাইড এবং ক্যাশ বায়ার্স**



কামরুজ্জামান বাচ্চু

অভিজ্ঞ রিয়েল্টর

ISLAND ADVANTAGE REALTY

List your house with me to sell or Rent

# (347) 465-3220

**kamruz Zaman Baccu**

(Licensed Real Estate Salesperson)

**kamruzbaccu1@gmail.com**

CORPORATE OFFICE
360 Motor Parkway, Hauppauge
NY 11788, Tel: 631-351-6000

BRANCH OFFICE
233 Long Beach Road, Island Park
NY 11558, Tel: 516-368-8500

# Immigrant Elder Home Care LLC.

# হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308


NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025


NY CAR & LIMO
SERVICES INC
NY
CAR & LIMO
SERVICES INC
BO2902
BLACK & GREEN CAR BASE
718 727 4444


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# এ সপ্তাহের কবিতা



## মানুষ

মনিজা রহমান

এ পাড়ার গলিগুলো বড় রাস্তা হয়ে গেল
পাড়াগুলো মডার্ন-ফিট ডিজিটাল টাউন
ছোট ছোট দোকানগুলো সুপারমার্কেট
সাইনবোর্ডগুলো বিলবোর্ড
বৃক্ষসারি বড় হতে হতে ছায়া সুনিবিড়।
আমাদের কুঁড়ে ঘরগুলো দালান
মেঠো পথ হয়ে গেছে অ্যাসফল্টে মসৃণ এবং চওড়া;
কেবল মানুষগুলোই থেকে গেল খর্বাকৃতি।

লেখক: কবি, নিউইয়র্ক।





## নতুন সুর্যোদয়ে

সুফিয়ান আহমদ চৌধুরী

শান্তির পতাকা হাতে তুলে ধরো
জন্মভূমি ভালোবাসা তোমার আমার
নতুন সূর্য্যোদয়ে
সকল অন্ধকারের হবে অবসান
পুষ্পের সুবাসে
প্রতিটি প্রেমিক মন পরিপূর্ণ হোক
পূর্ণিমার চাঁদের আলোর ঝলকে
প্রতিটি মূহুর্ত হোক উজ্জ্বল
জীবনের অপূর্ণতায় পূর্ণতা আসবে
সফলতার ছোঁয়ায়
দুঃখ বেদনা দূরীভূত হবে
নববর্ষে রচিত হবে
আগামী দিনের চলার নির্দেশনা
মাটির টানে মানুষ খুঁজে পাবে
শেকড়ের সন্ধান
আবহমান বাংলার আলো জল
আন্দোলিত হবে আনন্দ উল্লাসে
সবুজ শোভার অপরুপ প্রকৃতিকে ভালোবেসে
পাখির কূজনে ভাটিয়ালি গানে
এই মাটিতেই বেঁচে থাকবো তুমি আমি
পূর্ব পুরুষের পথ ধরে চিরকাল।

লেখক: কবি, নিউইয়র্ক।



## শীতের ছবি

মোহাম্মদ আব্দুল আজিজ

শীত সকালে মার হাতের
নানা রকম পিঠা,
খেজুর রসে নয়া চালের
পায়েস খেতে মিঠা।

ভোরবিহানে আগুন পোহা
দেয় যে মনে সুখ,
হিমেল বায়ে পথশিশুর
বাড়ায় শ দুখ।

শীতের পাখি ঝিলের জলে
পাবদাপুঁটি খায়,
গভীর রাতে পাখির ছানা
হিমে কষ্ট পায়।

চৌদিকে সব ঝাপসা লাগে
কুয়াশা ঢাকে পথ,
রবির আলো আয় না নেমে
হায়া আলোর রথ।

শীতের ডরে কাঁপন ধরে
বুড়ো দাদুর গায়,
কোলের বাবু মায়ের বুকে
সুখে নিদ্রা যায়।

শিশুকিশোর পাতে মোজই
চড়ুইভাতি খেলা,
গাঁয়ের লোক পৌষ মেলায়
কাটায় সারাবেলা।।

লেখক: কবি, নিউইয়র্ক।





## একান্তই সে

সীমু আফরোজা

তোমায় কতটা ভালবাসি তা বোঝাতে পারবো না
তোমাকে কতটা আমার হৃদয়ে রাখি
কতটা তোমাকে ধারন করি
তা শুধুই আমার একান্তই ব্যাক্তিগত।

সেখানে কাউকে আমি হাতছানি দিয়ে আমাকে স্পর্শ করতে দেব না
সেটা আমার একটা ইবাদতের জায়গা
যেখানে শুধুমাত্র তুমি আমার হয়ে থাকবে।

আর শুধু আমি তোমার হয়ে থাকতে চাই
কোন বাধা যেন ঠিক ঐ গন্ডির ভিতর প্রবেশ করতে না পারে
সেইজন্য আমার তিক্ষ্ণ দৃষ্টি চতুর্দিকে সারাক্ষন আবির্ভাব করে
যেন কোন অবস্থাতেই আমার এই ভ্রম না কেটে যায়।

আমি চাই বারংবার আমার এই ভ্রমের মাঝে আমার এই নেশার মাঝে
আমি যেন তলিয়ে যেতে থাকি
স্পর্শ করে দেখতে চাই তুমি সত্যি কতটা কতটা দৃঢ়তার
সাথে আমাকে আস্টে রেখেছো হৃদয় পিন্জরে।

লেখক: কবি, নিউইয়র্ক।



## এখনো রাখেনি অস্ত্র

হামিদ সরকার

স্বাধীনতা আর সার্বভৌমত্বে
দেবো না কোনো ছাড়,
বায়ান্ন, ৭১, চব্বিশের মতো
দেবো আবার হুংকার।
বীরের জাতি বাংলাদেশী
মানে না কোনো হার,
জীবন দিয়েছে পিছু হটেনি
জয় এনেছে বার বার।
সালাম, রফিক, বরকত
আছে শহীদ তিতুমির,
এই মাটিতে ঘুমিয়ে আছে
কতো আউলিয়া পীর।
ইসলাম আর দেশের জন্য
ছাড় দেয়নি তো ওরা,
শহীদ সাঈদ ওদেরই প্রজন্ম
ভুলে গিয়েছিস তোরা?
লালসবুজের স্বাধীন তুমি
এনেছি রক্তের বিনিময়,
কবি নজরুলের এই মাটি
কারো দয়া করুনায় নয়।
লালসবুজের দামাল সন্তান
এখনো রাখেনি অস্ত্র,
ওদের হুংকারে পালাবি তোরা
থাকবেনা গায়ে বস্ত্র।
রক্তে কেনা এই বাংলাদেশ
রাখবো জীবন দিয়ে,
কারো চক্রান্ত, কারো হুঙ্কার
পারবেনা নিতে ছিনিয়ে।

লেখক: কবি, নিউইয়র্ক।







# Crime down nearly 3% in NYC in 2024

Ajkal Desk




The city recorded a dip in overall index crime for both all of 2024 and for the month of December, NYPD statistics released Monday show.
Overall index crime decreased by 2.9% in 2024, driven by declines in murder, robbery, burglary, grand larceny and car theft, the NYPD said.
There were 377 murders in the city in 2024, 14 fewer than in 2023, NYPD statistics show. According to the NYPD, in 2024, robberies were down 2.3%, burglaries were down 5.7%, grand larceny was down 5% and grand larceny auto was down 10.3% compared to 2023.
The NYPD logged 24 homicides last month, one fewer than the 25 recorded in December 2023. According to the NYPD, robbery was down 27.1%, burglary was down 3.2%, grand larceny was down 19.8% and grand larceny auto was down 27.6%.
The city did see an 18.9% increase in reported rapes in all of 2024 compared to 2023, as well as a 5% increase in felony assaults, the data shows. Rapes and felony assaults also increased in December 2024 compared to December 2023, by 4.4% and 0.6%, respectively.
The statistics also show that transit crime was down by 7.5% in December, with 185 incidents reported last month compared to 200 in December of last year, the NYPD said. That data comes despite several high-profile incidents in the transit system last month, including a woman being fatally set on fire on a train, and a man being shoved by another man off a subway platform and in front of an arriving train on New Year's Eve. Transit crime was down by 5.4% for the year overall, police statistics show.
In addition, hate crimes declined by 4% in 2024 compared to 2023. They were down 63% for the month, with 43 incidents reported in December 2024 compared to 117 in December 2023.
"The dedicated efforts of the women and men of the NYPD are making a significant and lasting impact in neighborhoods across our great city," NYPD Commissioner Jessica Tisch said in a statement. "Through precision policing, particularly as it relates to gun violence, lives are being saved every day in New York. Our officers are leveraging state-of-the-art technology, effectively building and closing high-quality cases, and strengthening crucial relationships that contribute to our success."



## New York state sending $250 check for unclaimed funds

Ajkal Desk

New York state just might send you a check of up to $250 soon – without you having to make any kind of application or take any step first.
That's because a new update to the state's abandoned property law lets the state comptroller's office automatically dole out as much as $250 per individual from unclaimed funds — money left owed to them in resources like utility deposits, trust funds, old bank accounts, investments, insurance policies, gift cards and estates.
State officials say they already distribute about $1.5 million a day from lost financial assets going as far back as the 1940s. According to New York State Comptroller Thomas P. DiNapoli's office, it's distributed more than $11 million so far in 2025. NBC reported checks will go out in the mail this month.
But New Yorkers may also be entitled to more. The state comptroller's office is holding multiple events this month for people eager to learn about and apply for funds they're owed. The in-person events this month are an attempt to help the comptroller rid his office of $19 billion spread across 51 million unclaimed funds.
"By joining and holding events across the state we can help individuals, companies, nonprofits and municipalities check for unclaimed funds and get their money back to them quickly and easily," DiNapoli said in a statement on Monday.
New Yorkers can check to see if they're entitled to any unclaimed funds by searching for their names — or the names of relatives and organizations they belong to — on the state controller's website. Anyone who can't attend an event can also use the online claims system or call 1-800-221-9311 to get their money.



## Bridges will help save money

Ajkal Desk

Commuters driving into Manhattan on Monday are bracing for the impact of congestion pricing. Drivers are now charged a $9 toll during peak hours to enter Manhattan at and below 60th Street. There are several free routes you can take if you're passing through Manhattan, but if you exit onto local roads at or below 60th Street, you will still be charged the toll.
Here are those routes:
**Brooklyn Bridge**: Brooklyn-bound cars can take the southbound FDR Drive to the Brooklyn Bridge without being charged. Drivers heading to Manhattan from the Brooklyn Bridge can take the northbound FDR Drive for free.
If you're driving from the Brooklyn Bridge to Manhattan and head for the southbound lanes of the FDR Drive, you will hit the street grid and get tolled.
**Queensboro Bridge**: Drivers heading from Queens to the Upper East Side can take the upper level of the Queensboro Bridge since it exits onto 62nd Street, which is right before the congestion pricing zone. If you continue to go south after 62nd Street or take the lower level of the bridge into Manhattan, you will be charged.
Trips made entirely on the FDR Drive, West Side Highway and the Hugh L. Carey Tunnel connections to West Street are excluded from the congestion pricing toll.

## Actor Prabir Mitra passes away

Ajkal Desk



Renowned actor Prabir Mitra, fondly known as the 'Nawab of the Silver Screen,' has passed away. He was 81.
He breathed his last on Sunday (January 5) at 10:10 PM while undergoing treatment at a private hospital in Dhaka, his family said.
The popular actor had been battling multiple health complications and was hospitalised for 13 days.
He was hospitalised on December 22 due to oxygen deficiency and other ailments. Despite medical intervention, his condition deteriorated over time.
Born on August 18, 1943 in Chandina, Cumilla, Prabir Mitra, whose full name was Prabir Kumar Mitra, grew up in Old Dhaka. His passion for acting began during his school days, where he performed in Rabindranath Tagore's play Dak Ghar.
